



সচিব
বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ
ওয়েব সাইটঃ www.mpa.gov.bd

সংবাদ বিজ্ঞপ্তি

‘মোংলা বন্দর ব্যবহার বিষয়ক বাংলাদেশ-ভারতের যৌথ চুক্তি বাস্তবায়নের ভারতের প্রথম ট্রায়াল জাহাজ মোংলা বন্দরে’

বাণিজ্যে বাংলাদেশের মোংলা বন্দর ব্যবহার বিষয়ক চুক্তি পূর্ণাঙ্গভাবে বাস্তবায়নে ৪টি ট্রায়াল রানের প্রথমটি শুরু করেছে ভারতের কলকাতা বন্দর। তারই ধারাবাহিকতায় প্রথম ট্রায়াল জাহাজ বাংলাদেশি পতাকাবাহী এম.ভি রিশাদ রাইহান, জ্যাক শিপিং এজেন্টের মাধ্যমে ০৮ আগস্ট, ২০২২ তারিখে মোংলা বন্দরের ০৯ নং জেটিতে এসে পৌঁছেছে। সিএন্ডএফ হিসাবে সুইফট লজিস্টিক সার্ভিসেস লিঃ কাজ করছেন। মোংলা-তামাবিল এবং মোংলা-বিবিরবাজার (কুমিল্লার স্থলবন্দর) রুটে ট্রায়ালের জন্য ট্রানজিট কার্গোটি বর্তমানে মোংলা বন্দরে অবস্থান করেছে। ACMP চুক্তির (Agreement on The Use of Chattogram and Mongla Port for Movement of Goods to and from India) আওতায় বাংলাদেশ ভারতের মধ্যে পণ্য আমদানি রপ্তানির ট্রায়াল কার্যক্রম শুরু হয়েছে। মার্কস লাইনের ০২ টি কন্টেইনারের মধ্যে ০১টি কন্টেইনারে ইলেক্ট্রোস্টিল কাস্টিংস লিমিটেডের ৭০ প্যাকেজে ১৬.৩৮০ টন লোহার পাইপ এবং বিবিরবাজার-শ্রীমন্তপুর সীমান্ত পয়েন্ট ব্যবহার করে আসামের জন্য ও আরেকটি কন্টেইনারে ২৪৯ প্যাকেজে ৮.৫ টন প্রিফোম নিয়ে জাহাজটি মোংলা বন্দরে এসে পৌঁছায়। এ সময় মোংলা বন্দর জেটি পরিদর্শন করেন, ভারতের সহকারী হাইকমিশনার ইনডার জিত সাগর, মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা ও উর্দ্ধতন কর্মকর্তাগণ। জেটি পরিদর্শন শেষে মোংলা বন্দর সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ভারত-বাংলাদেশ প্রোটোকল রুটে অভ্যন্তরীণ জলপথ ব্যবহার করে ব্যবসায়িক গতি বাড়ানোর লক্ষ্যে এই উদ্যোগ নেওয়া হয়েছে। এ কার্যক্রমের মাধ্যমে দু দেশের অর্থনীতি এবং দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়নে আরও ইতিবাচক প্রভাব ফেলবে বলে মোংলা বন্দর কর্তৃপক্ষ মনে করেন। ভারত থেকে পণ্য পরিবহনের জন্য মোংলা বন্দর ব্যবহার সংক্রান্ত একটি চুক্তি এবং স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতি ২ দেশের মধ্যে স্বাক্ষরিত হয়েছে। মার্চ, ২০২২ মাসে অনুষ্ঠিত ১৩তম ভারত-বাংলাদেশ জয়েন্ট গ্রুপ অফ কাস্টমস (জেএসসি) বৈঠকের পর ট্রায়াল রান পরিচালনার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। তারই ট্রায়াল জাহাজের প্রথম ট্রায়াল জাহাজ মোংলা বন্দরে।

এ বিষয়ে মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা বলেন, “মোংলা বন্দরের মাধ্যমে ভারতের সাথে পণ্য পরিবহনের ক্ষেত্রে আজ একটি মাইলফলক সৃষ্টি হলো। এ কার্যক্রমের মাধ্যমে আমাদের বন্ধুপ্রতিম দেশের সাথে বন্ধুত্ব ও অর্থনৈতিক সম্পর্ক আরও জোরদার হবে হলে আমি বিশ্বাস করি।”

স্বাক্ষরিত/-
মোঃ মাকরুজ্জামান
সচিব
মোংলা বন্দর কর্তৃপক্ষ